মেহেরপুরে এসএসসি ৯১ ব্যাচের উদ্যোগে সংবর্ধনা অনুষ্ঠান

মেহেরপুরে জেলা ১৯৯১ সালের এসএসসি ব্যাচের উদ্যোগে কৃতি সন্তান সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকালে মেহেরপুর সরকারী কলেজের ছাত্র শিক্ষক মিলনায়তন এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা এসএসসি ৯১ ব্যাচের জেলা সমন্বয়ক মেহেরপুর সরকারী কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক কাউছার আলীর সভাপতিত্বে এবং মেহেরপুর পৌর কলেজের সহকারী অধ্যাপক ড. মোঃ আলিবদ্দীন এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ডঃ শেখ বখতিয়ার উদ্দীন, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর ডঃ এ কে এম নজরুল কবীর, মেহেরপুর সরকারী কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সম্পাদক খেজমত আলী মালিথ্যা। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা আহাম্মদ আলী টেকনিক্যাল এন্ড বিএম কলেজের সহকারী অধ্যাপক রকিবুল হাসান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিরিন সুলতানা ও কৃতি সন্তানদের পক্ষ থেকে মুবাশ্বিরা রহমান।

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হওয়ার পর ব্যাচের পক্ষ থেকে প্রধান অতিথি ও বিশেষ অতিথি কে ফুল দিয়ে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানে জেলা এসএসসি ব্যাচের যে সকল সদস্যদের সন্তানরা যারা বিভিন্ন পরীক্ষায় কৃতিত্বের স্বাক্ষর রাখেন তাদেরকে ব্যাচের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়।

মেহেরপুর সদর উপজেলা হাজী

সমিতির সংবর্ধনা ও বার্ষিক সম্মেলন

মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির উদ্যোগে নতুন ও পুরাতন হাজীদের সংবর্ধনা ও বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদে আয়োজিত এ অনুষ্ঠানে হাজী সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন।

এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর সদর উপজেলা হাজী সমিতির সভাপতি হাজী নুর হোসেন আঙ্গুর। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাজী আক্তার হোসেন রিন্টু। সঞ্চালনা করেন হাজী আক্কাস আলী।

প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জামিয়া ইসলামিয়া মাদ্রাসার পরিচালক মুফতি হাফিজুর রহমান। অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন ডা. আব্দুস সালাম, হাজী নুর রহমান, হাজী কুতুব উদ্দিন প্রমুখ।

অনুষ্ঠানে হাজীদের প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে দোয়া এবং আলোচনা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের ড.গাজী রহমানকে ঢাকায় সংবর্ধনা প্রদান

ঢাকা থেকে প্রকাশিত ইংরেজী পত্রিকা বাংলাদেশ ডায়েরী পত্রিকার ৪র্থ বর্ষপূতি উপলক্ষে এক অনুষ্ঠানে মেহেরপুরের বিশিষ্ট কবি, লেখক ও গবেষক ড. গাজী রহমানকে সংবর্ধনা প্রদান করা হয়েছে। গত শুক্রবার বিকেল সাড়ে ৩টায় বাংলাদেশ জাদুঘরের সুফিয়া কামাল মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এই অনুষ্ঠানের উদ্যোক্তা দৈনিক বাংলাদেশ সমাচার এর সম্পাদক ও প্রকাশক, ড. খান আসাদুজ্জামান। জানা গেছে, ড. গাজী রহমানকে তিনি

তার মাসিক অপরাজেয় বাংলাদেশ পত্রিকার সম্পাদক হিসেবে দায়িত্ব প্রদান করেছেন।

ড. গাজী রহমান একজন গুণী মানুষ। ঐতিহ্যবাহী মেহেরপুরে তার বসবাস। কবিতা লিখেন চমৎকার। কবিদের কবিতা নিয়ে গবেষণা করেন। বক্তব্য রাখেন সুন্দর। সংগঠক হিসেবে তার নাম আছে। মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রতিষ্ঠায় তার গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে। তিনি সে সময়ে এই কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ছিলেন।

তার জন্ম ১৯৫৮ সালের ১ জানুয়ারী কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার গোড়ার পাড়া গ্রামে। তবে দীর্ঘকাল ধরে তিনি মেহেরপুরে নিজের বাড়ি করে বসবাস করছেন। মা: মৃত সালেহা খাতুন। বাবা: মৃত ইছাহক বিশ্বাস। তিনি মেহেরপুর সরকারি হাইস্কুল ও মেহেরপুর সরকারি কলেজে পড়াশুনা করেন এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ থেকে বিএ সম্মান ও এমএ ডিগ্রি অর্জন করেন। তিনি পশ্চিমবঙ্গের রবীন্দ্রভারত বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগ থেকে পিএইচডি ডিগ্রী অর্জন করেন। তার গবেষণার বিষয় ছিল ‘স্বাধীনতা উত্তর বাংলাদেশের কবিতা’। পরে তিনি একই বিশ্ববিদ্যালয় থেকে ডি.লিট. ডিগ্রী অর্জন করেন।

গবেষণা গ্রন্থ: স্বাধীনতা-উত্তর বাংলাদেশের কবিতায় সমাজচেতনা (২০১২) ও রবীন্দ্র থিয়েটার: থিয়েটার-সংযোগের নতুন মাত্রা(২০১৩)। কাব্যগ্রন্থ: মধ্যাহ্নে চরণ ধ্বনি(১৯৯২), বলাকা ধবল উত্তরীয় (২০১৫), ত্রিমোহনা (২০১৫), ত্রিনয়ন (২০১৯)। সম্পাদনা: সাবির মানস সন্ধান(২০০৪), প্রসঙ্গ: কাজী নজরুল ইসলামের সাম্যবাদী ও চক্রবাক (২০১২), রূপসী বাংলা(২০১২), রবীন্দ্রনাথের কবিতা: প্রেম ও প্রকৃতি (২০১৫) ও জসীম উদ্দীনের রাখালী ও নক্সী-কাঁথার মাঠ: জীবনাভিজ্ঞতার শিল্পায়ন (২০১৯)।

মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ হিসেবে তার কর্মজীবন শুরু। শান্তাহার সরকারি কলেজ, বগুড়া তাঁর শেষ কর্মস্থল। তিনি নজরুল একাডেমী মেহেরপুর জেলা শাখার সভাপতি ও সাবির সঙ্গীত ও সমাজ কল্যাণ পরিষদের সভাপতি । দুই বাংলায় অতি পরিচিত মুখ। দেশি-বিদেশি বিভিন্ন সেমিনারের অতিথি ও আলোচক। অর্জন করেছেন কৃতি শিক্ষক ও মেহেরপুর জেলার কৃতি সন্তানের স্বর্ণপদক। তিনি বাংলা একাডেমি, ঢাকা; ভারতীয় ইতিহাস কংগ্রেস ও ভারতীয় বিজ্ঞান কংগ্রেস এর আজীবন সদস্য।

মুজিবনগরে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

মুজিবনগরে ইনফ্যান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশনের আয়োজনে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

উপজেলার মোনাখালী ইউনিয়নের আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের শিবপুর, মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়, গোপালনগর বালিকা বিদ্যালয় এবং মোনাখালী ইউনিয়নের বাসিন্দা যারা মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল, দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ পেয়েছেন এমন মোট ১৪ জন কৃতি ছাত্রছাত্রীকে এই সংবর্ধনা প্রদান করা হয়।

শনিবার বেলা সাড়ে ১১টায় আদর্শ মাধ্যমিক বিদ্যালয়, শিবপুরের হলরুমে এই সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সাংবাদিক ডালিম সানোয়ারের উপস্থাপনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের প্রধান নির্বাহী, অস্ট্রেলিয়ান প্রবাসী রাফিদ আলম রকির পিতা, বিশিষ্ট সমাজসেবক ও রাজনীতিবিদ মাহফুজ আলম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক ও শিবপুর হাই স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি আনোয়ারুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুল ইসলাম, শিবপুর হাই স্কুলের প্রধান শিক্ষক আব্দুস সালাম, সহকারী প্রধান শিক্ষক ফিরাতুল ইসলাম, সহকারী শিক্ষক আবুল কালাম আজাদ, ফিতাজ আলী, শাহাজুল ইসলাম, আমিনুল ইসলাম, আব্দুস সালাম প্রমুখ।

আমন্ত্রিত এসএসসি জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণ অনুষ্ঠান শেষে তাদের মতামত ও অনুভূতি প্রকাশ করেন। তারা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন আয়োজকদের প্রতি।

ইনফ্যান্টস ওয়েলফেয়ার ফাউন্ডেশন একটি মানবসেবামূলক সংগঠন, যা শিক্ষার্থীদের নিয়ে কাজ করে যাচ্ছে বাংলাদেশের ৭টি জেলায়। সংগঠনটি ২০২১ সালের মার্চ মাসে প্রতিষ্ঠিত হয়ে গত ৫ বছরে বিভিন্ন সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ড সফলভাবে সম্পন্ন করেছে।

মাইলস্টোন ট্র্যাজেডিতে নিহত সকল আত্মার মাগফিরাত কামনার মধ্য দিয়ে কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানটি শেষ হয়।

জীবননগরে বাংলাদেশ খেলাফত মজলিসের সংবর্ধনা অনুষ্ঠান

জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-২ আসনে বাংলাদেশ খেলাফত মজলিস মনোনীত প্রার্থী মাওলানা জুবায়ের খান সাহেবকে হৃদয়গ্রাহী সংবর্ধনা জানিয়েছে দলটির জীবননগর থানা শাখা। এ উপলক্ষে গতকাল মঙ্গলবার এক বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয় জীবননগর থানা শাখার অস্থায়ী কার্যালয়ে, যা তরফদার মার্কেটের দ্বিতীয় তলায় অবস্থিত।

অনুষ্ঠানে ফুলের শুভেচ্ছা ও ভালোবাসার মধ্য দিয়ে মাওলানা জুবায়ের খানকে বরণ করে নেন সংগঠনের নেতৃবৃন্দ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বাংলাদেশ খেলাফত মজলিসের জীবননগর থানা শাখার সভাপতি মুফতি শাহজামাল সাহেব, সেক্রেটারি হাফেজ মাওলানা জুবায়ের আল মাহমুদ এবং সাংগঠনিক সম্পাদক হাফেজ মাওলানা জাহিদ বিন ইউসুফ।

এছাড়াও অনুষ্ঠানে সংগঠনের বিভিন্ন স্তরের দায়িত্বশীল ও সদস্যবৃন্দের স্বতঃস্ফূর্ত উপস্থিতি লক্ষ্য করা যায়।

বক্তারা তাঁদের বক্তব্যে বলেন, “ইসলামী আদর্শ প্রতিষ্ঠার পথে বাংলাদেশ খেলাফত মজলিস যে ধারা বজায় রেখেছে, তাতে মাওলানা জুবায়ের খান সাহেবের মতো প্রজ্ঞাবান ও আদর্শবান নেতৃত্ব অত্যন্ত জরুরি।” তাঁরা আরও বলেন, ইসলামী রাজনীতিকে সুসংগঠিত ও লক্ষ্যপানে এগিয়ে নিতে এই সংবর্ধনা নতুন উদ্দীপনা যোগাবে।

উক্ত অনুষ্ঠানের মধ্য দিয়ে স্থানীয় পর্যায়ে প্রার্থীর প্রতি আস্থা, ভালোবাসা ও সহযোগিতার বার্তা স্পষ্ট হয়ে ওঠে। আগামী জাতীয় নির্বাচনে তাকে বিজয়ী করতে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান নেতৃবৃন্দ।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে শিক্ষার্থীদের সংবর্ধনা ও পুরস্কার বিতরণ

কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫ উপলক্ষে মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজে পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। আজ সোমবার সকাল ১১টার দিকে মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ রেহানা ইয়াসমিন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহনাজ। বিশেষ অতিথি ছিলেন, সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

অনুষ্ঠানে প্লে শ্রেণীর মেহেরিমা আফরিন (আইরা), আবরার শাহরিয়ার রাফাত, নার্সারী শ্রেণীর আবরার খন্দকার (বিত্ত), সাইনা খাতুন, প্রথম শ্রেণীর এস এম সমন্বয়, সঞ্চিতা পাত্র, দ্বিতীয় শ্রেণীর শাহরিয়ার আলম, সারা মেহজাবিন, তৃতীয় শ্রেণীর জিয়ানা আফরিন, জান্নাত বিনতে আনিস, চতুর্থ শ্রেণীর কাজী ইয়াসির, ফারিহা সুলতানা সহ কৃতি শিক্ষার্থীদের মাঝে সংবর্ধনা প্রদান করা হয়।

সহকারী শিক্ষক খন্দকার বদরুদ্দোজা এর সঞ্চালনায় এ সময় আরো উপস্থিত ছিলেন, সহকারী শিক্ষিকা সেলিনা আফরোজা, নাজমা আক্তার, বিথী খাতুন, শাহানা আক্তার, রওশন আরা, ফাতেমা খাতুন, শাহিনা আফরোজ সহ অভিভাবক ও শিক্ষার্থীবৃন্দ।

মেহেরপুর সদর উপজেলার কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলায় এ বছর বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজে সুযোগ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (২৭ মার্চ) সকাল ১১টায় মেহেরপুর সদর উপজেলা কনফারেন্স রুমে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. আঞ্জুমান আরা এবং সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

এ সময় কৃতি শিক্ষার্থীরা সংবর্ধনা গ্রহণ করেন এবং অনুষ্ঠানে অন্যান্য শিক্ষার্থীরাও উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিসিডিএস নবগঠিত কমিটির সংবর্ধনা

মেহেরপুর জেলা বিসিডিএস নবগঠিত কমিটির সদস্যদের সংবর্ধনা দেওয়া হয়েছে।

বুধবার দুপুরে মুজিবনগর পিকনিক স্পটে বাংলাদেশ কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্টস সমিতি মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য সেলিম খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির সভাপতি আব্দুল লতিব। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য আসিফ আল মোনায়েম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির সিনিয়র সহ-সভাপতি নাজমুল হুদা, সহ-সভাপতি রফিকুল হাসান (রণ), সহ-সভাপতি কাজী খয়রউদ্দীন আহম্মেদ, এবং নির্বাহী সদস্য মতিউর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কার্যনির্বাহী কমিটির নির্বাহী সদস্য রিনু, বাবর আলী, সাইফুল ইসলাম, আমিনুল ইসলাম (সেন্টু), জালাল উদ্দিন, বেনজির আহমেদ, আব্দুস সালাম, শফিকুল ইসলাম বাবু, শহিদুল ইসলাম, এস এম খাইরুল প্রমুখ।

মেহেরপুর জেলা বিএনপির নেতাদের পৌরসভা ৪ নং ওয়ার্ড বাসীর সংবর্ধনা

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহাবায়ক কমিটিকে মেহেরপুর পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুর বাসীর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল শনিবার রাত আটটার দিকে মেহেরপুরে পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুর বিএনপি’র আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুরের বিএনপির সাবেক সভাপতি মোঃ আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

সংবর্ধনা অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপি’র সিনিয়ার যুগ্ন আহবায়ক যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

এই সময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এম এ কে খায়রুল বাশার, সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সহ সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী, জেলা জাসাসের সদস্য সচিব

বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন কেন্দ্রীয় যুবদলের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান,জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, ছাত্রনেতা অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি,

জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, পৌরসভা ৪ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, সহ পৌরসভা ৪ নং ওয়ার্ডের কালাচাঁদপুর বিএনপির নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির নেতাদের সংবর্ধনা

মেহেরপুর জেলা বিএনপির নবগঠিত আহাবায়ক কমিটিকে আমদহ ইউনিয়ন বাসীর পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ শুক্রবার (২৪জানুয়ারি) বিকেল চারটার দিকে মেহেরপুরের সদর উপজেলার আমদহ ইউনিয়নে রায়পুর গ্রাম বিএনপি’র আয়োজনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি মোঃ খালেকুজ্জামান মজনু সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।

মেহেরপুর সদর উপজেলা সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ রকিবুল হাসান রিপন,সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপি’র সিনিয়ার যুগ্ন আহবায়ক যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, জেলা বিএনপির যুগ্ম আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ,

এই সময় আরো উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, সহ-সভাপতি মীর ফারুক,সহ-সভাপতি ওমর ফারুক লিটন,জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ,সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, সহ সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, জেলা মহিলা দলের সহ-সভাপতি ছাবিহা সুলতানা, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলী,জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু,পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, সহ বিএনপির নেতা কর্মী উপস্থিত ছিলেন।